

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 07-04 -2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Dharmanagar Bye Election :

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের সরব প্রচার আজ বিকেলে শেষ হবে। নির্বাচন দপ্তর ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। আগামী ৯ই এপ্রিল ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে। মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। এই কেন্দ্রে ভোটার রয়েছেন ৪৬ হাজার ১৪২ জন। মোট ৫৫টি ভোট গ্রহণ কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। সবকয়টি ভোট গ্রহণ কেন্দ্রে ওয়েব কাস্টিং থাকবে এবং সব ই.ভি.এম-এর সঙ্গে ভিভিপ্যাটও থাকবে।

ADC Election :

আসন্ন এডিসি নির্বাচনের পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ আজ থেকে শুরু হবে। এডিসি'র ২৮টি আসনের ভোটকর্মী, নিরাপত্তা কর্মী এবং ভোটের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীরা রিটার্নিং অফিসারদের তত্ত্বাবধানে নির্ধারিত ফেসিলিটেশন সেন্টারে ভোট দেবেন। সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট নেওয়া হবে। পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ শেষ হবে আগামীকাল।

CEO Tripura :

নিৰ্বাচন দপ্তৰ ধৰ্মনগৰ বিধানসভা কেন্দ্ৰৰ উপনিৰ্বাচন অবাধ ও শান্তিপূৰ্ণভাৱে সম্পন্ন কৰাৰ জন্য প্ৰয়োজনীয় সব ধৰনেৰ ব্যৱস্থা গ্ৰহণ কৰেছে। ৰাজ্যেৰ মুখ্য নিৰ্বাচন আধিকাৰিক ৰিজেশ পান্ডে গতকাল আগৰতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, ইতিমধ্যে আন্তৰ্জাতিক সীমানা সীল কৰে দেওয়া হয়েছে। আন্তঃৰাজ্য সীমানায় কঠোৰ নজৰদাৰী কৰা হচ্ছে। ধৰ্মনগৰে ৬টি নাকা পয়েন্ট কৰা হয়েছে। এখন পৰ্যন্ত ৩২ লক্ষ টাকাৰ সামগ্ৰী বাজেয়াপ্ত কৰা হয়েছে। সব বুথে কেন্দ্ৰীয় নিৰাপত্তা বাহিনী মোতায়েন কৰা হবে বলে তিনি জানান।

IGNOU-Convocation :

আজ আগৰতলাৰ ৰবীন্দ্ৰ ভবনে ইন্দিৰা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৩৯তম সমাৰ্তন সভা অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে উপৰাষ্ট্ৰপতি সি পি ৰাধাকৃষ্ণান বক্তব্য ৰাখবেন। অনুষ্ঠানে ৰাজ্যপাল ইন্দ্ৰসেনা ৰেড্ডি নাল্লু উপস্থিত থাকবেন।

CS National Sadhana Saptah :

মুখ্যসচিব জে কে সিনহা বলেছেন, ৰাজ্য সরকার প্ৰশাসনিক ব্যৱস্থাকে আৰও গতিশীল, স্বচ্ছ ও জনমুখী কৰাৰ লক্ষ্যে কাজ কৰে চলছে। গতকাল সচিবালয়ে ২০২৬ সালেৰ 'ন্যাশনাল সাধনা সপ্তাহ' উপলক্ষ্যে আয়োজিত পৰ্যবেক্ষণ সভা এবং সেৱা কৰ্মসম্পাদকদেৰ সংবৰ্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। উল্লেখ্য, ডিপাৰ্টমেন্ট অফ পাৰ্সোনাল এন্ড ট্ৰেনিং এৰ ক্যাপাসিটি বিল্ডিং কমিশন এবং কৰ্মযোগী ভাৰতেৰ সহযোগিতায় দেশব্যাপী এই সাধনা সপ্তাহ আয়োজন কৰা হচ্ছে। যাৰ লক্ষ্য প্ৰশাসনেৰ মধ্যে ধাৰাবাহিক শিক্ষা ও দক্ষতা উন্নয়নকে আৰও জোৰদাৰ কৰা।

PM-Assam :

বিজেপির বর্ষীয়ান নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আসামের হোজাই ও বরপেটায় দুটি নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন। তিনি আসামের প্রতিটি অঞ্চলের উন্নয়নকে তাঁর সরকারের শীর্ষ অগ্রাধিকার হিসেবে পুনরুল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, গত দশ বছরে আসামে শান্তি ও সমৃদ্ধি ফিরে এসেছে। বিজেপি 'বিকশিত ভারত'-এর লক্ষ্যে একটি 'বিকশিত আসাম' গড়ার রোডম্যাপ নিয়ে কাজ করছে বলে তিনি উল্লেখ করেন।

#####Byte-PM#####

Food-Press Meet :

খাদ্য সচিব দেবপ্রিয় বর্ধন গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্যে এল.পি.জি, পেট্রোল ও ডিজেলের মজুত সরবরাহ স্বাভাবিক রয়েছে। বাংলাদেশ দিয়েও রাজ্যে এল.পি.জি আনা হচ্ছে। তিনি জ্বালানি সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে অযথা আতঙ্কিত না হতে জনগণের কাছে আহ্বান রাখেন। তিনি বলেন রাজ্যে সি.এন.জি ও পি এন জি গ্যাস সরবরাহ স্বাভাবিক রয়েছে। রাজ্য ও জেলাস্তরে মনিটরিং সেল প্রতিনিয়ত জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে পর্যবেক্ষণ করে যাচ্ছে।

ADC Campaign :

এডিসির আশারাম বাড়ী-হালহালি কেন্দ্রের বিজেপি দলের প্রার্থী অনন্ত দেববর্মার সমর্থনে গতকাল একটি বাইক রেলি অনুষ্ঠিত হয়। অন্যদিকে এই কেন্দ্রের সি.পি.আই.এম দলের প্রার্থী করিম দেববর্মার সমর্থনে লাঠাবাড়ি বাজারে এক সভা অনুষ্ঠিত হয়।

বীরচন্দ্র-কলসী আসনের আই.পি.এফ.টি প্রার্থী জিতিরাম ত্রিপুরার সমর্থনে গতকাল কোয়াইফাং বাজারে অনুষ্ঠিত সভায় সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া ও প্রার্থী জিতিরাম ত্রিপুরা বক্তব্য রাখেন। এদিকে জোলাইবাড়ি

ব্লকের রামরাইবাড়িতে পূর্বমুহুরীপুর-ভুরাতলি আসনের সি.পি.আই.এম প্রার্থী বারজুং ত্রিপুরা ও বীরচন্দ্র-কলসী আসনের সি.পি.আই প্রার্থী নরেন্দ্র রিয়াং এর সমর্থনে এক সভা অনুষ্ঠিত হয়।

Strong Room Visit :

দক্ষিণ জেলার জেলা নির্বাচনী আধিকারিক ও জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি গতকাল সাক্রম মহকুমা শাসকের অফিসে এডিসির পূর্ব মুহুরীপুর-ভুরাতলি ও শিলাছড়ি-মনুবনকুল আসনের স্ট্রং রুম ও দুই কেন্দ্রের ইভিএম মেশিনগুলি সীল করার কাজকর্ম পরিদর্শন করেন। দুই কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা সাক্রম মহকুমা শাসক সুমন রক্ষিত জানান, গতকাল থেকে দুই কেন্দ্রের ভোটগ্রহণ কেন্দ্রগুলির ইভিএম মেশিন সীল করার কাজ শুরু হয়েছে।

Kajal Smriti Football :

টি.এফ.এ পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আসরে ত্রিপুরা স্পোর্টস স্কুল কোয়ার্টার ফাইনালে উঠেছে। গ্রুপের চারটি ম্যাচের সবকটিতে জয় পায় ত্রিপুরা স্পোর্টস স্কুল। গতকাল উমাকান্ত মিনি স্টেডিয়ামে ত্রিপুরা স্পোর্টস স্কুল ৭-১ গোলে মান্দাইয়ের ডন বস্ক স্কুলকে হারিয়ে দেয়। অপর খেলায় আগরতলার ডন বস্ক স্কুল ৭-০ গোলে আগরতলার ইন্টারন্যাশনাল স্কুলকে পরাজিত করে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা

রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি সেলসিয়াস।
